দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 09 NOV 1994

পৃষ্ঠা ৮ কলাম ৭

# ছাত্রীরা রাজনীতিতে জড়াতে চায় না

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার।** দেশের প্রধান দু'টি রাজনৈতিক দলের শীর্ষস্থানে রয়েছেন দু'জন মহিলা। বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে মেয়েদের অংশগ্রহণ দিন দিন বাড়ছে। নারীদের স্বার্থ সংরক্ষণের লক্ষ্যে গড়ে উঠেছে বিভিন্ন সংগঠন। অথচ দেশের সর্বোচ্চ বিদ্যাপিঠ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রীদের শতকরা ৫৩ জন একেবারে রাজনীতিবিমুখ। সম্প্রতি সাধারণ ছাত্রীদের সহযোগিতায় পরিচালিত এক জরিপে এ তথ্য পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয়ের রোকেয়া, শামসুন্নাহার ও বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের ২০০ আবাসিক ছাত্রীর ওপর এ জরিপ চালানো হয়।

জরিপে দেখা যায়, আবাসিক ছাত্রীদের শতকরা ৬ দশমিক ৫ জন সক্রিয় রাজনীতির সাথে জড়িত। এ ছাড়া কোন না কোন রাজনৈতিক দল সমর্থন করে ৪০ দশমিক ৫ জন। বাকি ৫৩ জন ছাত্রী সক্রিয় রাজনীতি করে না বা কোন রাজনৈতিক দলের সমর্থক নয়।

উল্লেখ্য, হলের আবাসিক ছাত্রীরা পারিবারিক নিয়ন্ত্রণমুক্ত। ছাত্র হলসমূহের মতো রাজনৈতিকভাবে চিহ্নিত হলে মেয়েদের বিরোধী গ্রুপের রোষানলে পড়ার সম্ভাবনা নেই। তারপরও মিছিল-মিটিংয়ে মেয়েদের উপস্থিতি তেমন লক্ষ্য করা যায় না। এমনকি রাজনৈতিক দল সমর্থনেও তাদের মধ্যে রয়েছে দ্বিধাদ্বন্দ্ব। ক্যাম্পাসে বিদ্যমান সন্ত্রাসের কারণে অধিকাংশ মেয়ে রাজনীতিবিমুখ বলে অভিজ্ঞ মহলের ধারণা।

জরিপ কাজে সহায়তা করে শামসুন্নাহার হলের শামীমা নাসরীন ও রিপন, রোকেয়া হলের রিক্তা দত্ত ও মালা, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের তাহমিনা, রুমা ও [illegible]